

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৯.১৯-৫৬৯

তারিখঃ ১৯ কার্তিক ১৪২৬ ব.  
০৪ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৯৮৪০/২০১৯	ডক্টর মোঃ মকসুদুর রহমান নোমান, পিতা-মৃত. সাইদুর রহমান, গ্রাম- চানদীপাসা আদর্শ পল্লী, উপজেলা- নান্দাইল, জেলা- ময়মনসিংহ।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন।	ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন ধুরুয়া ডি.এস দাখিল মাদ্রাসা'র সুপার. জনাব মোঃ তাজুল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায়, বিধি মোতাবেক তদন্ত না হওয়ায় এবং চূড়ান্ত বরখাস্তের পূর্বে বোর্ডের অনুমোদন না নেয়ায় উক্ত বরখাস্তের আইনগত ভিত্তি না থাকায় জনাব মোঃ তাজুল ইসলাম-কে বর্ণিত মাদ্রাসার সুপার হিসেবে দায়িত্ব পালনের (পুনর্বহালের) জন্য নির্দেশনা দিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ৩১/৭/২০১৯ তারিখে বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩২৯৩/৭ সংখ্যক স্মারকে (Annexure-J মূলে) পত্র জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে পিটিশনার ডক্টর মোঃ মকসুদুর রহমান নোমান কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ১৮/০৯/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে বর্ণিত প্রতিষ্ঠানে জনাব মোঃ তাজুল ইসলাম-কে বর্ণিত মাদ্রাসার সুপার, হিসেবে দায়িত্ব পালনের (পুনর্বহালের) জন্য নির্দেশনা দিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ৩১/৭/২০১৯ তারিখে বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩২৯৩/৭ সংখ্যক স্মারকে (Annexure-J মূলে) জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ১৬/১০/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৮৪০/২০১৯ মামলার ১৮/০৯/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১৭/১১/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০২৫৭।

চেয়ারম্যান  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
বকশিবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।